



বাংলাদেশ  
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Website: [www.ugc.gov.bd](http://www.ugc.gov.bd)



স্মারক নং: ইউজিসি/বে:বি:/৪৮৪(০১)/অংশ-৪/০৬/ ৪৬ ১৬

তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ  
১৬ মে ২০১৯ খ্রিস্টাব্দ

## কার্যালয় স্মারক

বিষয় : শিক্ষার্থী ভর্তির যোগ্যতা সংক্রান্ত।

বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন অনুমোদিত স্নাতক, স্নাতকোত্তর এবং ডিপ্লোমা পর্যায়ে শিক্ষার্থী ভর্তির যোগ্যতা নিম্নোক্তভাবে নির্ধারণ করা হলো :

- (১) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন থেকে অনুমোদিত প্রোগ্রাম/কোর্স ছাড়া অন্য কোনো প্রোগ্রাম বা কোর্সে শিক্ষার্থী ভর্তি বা ভর্তির বিজ্ঞাপন প্রচার করা যাবে না।
  - (২) এসএসসি ও এইচএসসি বা সমমানের পাবলিক পরীক্ষার প্রতিটি পর্যায়ে অবশ্যই ন্যূনতম দ্বিতীয় বিভাগ অথবা জিপিএ ২.৫০ অথবা সমমানের গ্রেড থাকতে হবে। তবে কোনো একটি পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০০ থাকলে উভয় পরীক্ষায় অবশ্যই মোট জিপিএ অনূন ৬.০০ থাকতে হবে।
  - (৩) ও-লেভেল (O-Level) পরীক্ষায় ন্যূনতম পাঁচটি বিষয় (Subject) এবং এ-লেভেল (A-Level) পরীক্ষায় ন্যূনতম দু'টি বিষয় (Subject) অবশ্যই থাকতে হবে। উক্ত দু'টি পরীক্ষায় অনূন সাতটি বিষয়ের মধ্যে চারটিতে বি গ্রেড বা জিপিএ ৪.০০ এবং বাকি তিনটি বিষয়ে সি গ্রেড বা জিপিএ ৩.৫০ অবশ্যই থাকতে হবে।
  - (৪) মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য এসএসসি ও এইচএসসি বা সমমানের পরীক্ষায় মোট জিপিএ ৫.০০ থাকতে হবে।
  - (৫) মিউজিক, ফ্যাশন ডিজাইন, ফাইন আর্টস, গ্রাফিক্স ডিজাইন, লাইব্রেরি সায়েন্স এন্ড ইনফরমেশন প্রোগ্রাম/কোর্সসমূহের ক্ষেত্রে এসএসসি/O-Level এবং এইচএসসি/A-Level বা সমমানের পাবলিক পরীক্ষার প্রতিটি পর্যায়ে অবশ্যই ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।
  - (৬) স্নাতক, স্নাতকোত্তর এবং ডিপ্লোমা পর্যায়ে বিজ্ঞান, প্রযুক্তি ও প্রকৌশল অনুষদভুক্ত প্রোগ্রাম/কোর্সসমূহে এইচএসসি/সমমান পরীক্ষায় কেবলমাত্র বিজ্ঞান বিভাগ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী ভর্তি করা যাবে। উক্ত প্রোগ্রাম/কোর্সসমূহে কলা, মানবিক এবং বাণিজ্য বিভাগ থেকে উত্তীর্ণ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
  - (৭) GED ডিপ্লোমাদারী শিক্ষার্থী বেসরকারি বিশ্ববিদ্যালয়ে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না।
  - (৮) স্নাতকোত্তর প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ক্ষেত্রে উপরে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে স্নাতক পর্যায়ে জিপিএ ন্যূনতম ২.০০ থাকতে হবে।
- ২। উপরে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে কমিশনের অনুমোদিত প্রোগ্রাম/কোর্সে শিক্ষার্থী ভর্তি করার জন্য নির্দেশ দেয়া হলো। একই সাথে কমিশনের ১০ এপ্রিল ২০১৬ তারিখে জারীকৃত বিমক/বে:বি:/৪৮৪(০১)অংশ-৩/০৬/৩০১০ শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত কার্যালয় স্মারক বাতিল করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদক্রমে



ড. মোঃ ফখরুল ইসলাম

পরিচালক

বেসরকারি বিশ্ববিদ্যালয় বিভাগ।

PROVA MUKH